

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০২.২১-২২০০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮  
০৫ ডিসেম্বর ২০২১

### প্রজ্ঞাপন

জনাব মোঃ আরিফ হোসেন, অফিস সহায়ক (বরখাস্তকৃত), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অভ্যর্থনা ও তথ্য কেন্দ্রের দায়িত্ব পালনকালীন এক ব্যক্তির নিকট থেকে অর্থ গ্রহণ করার ভিডিও ফুটেজ সাংবাদিক কর্তৃক কর্তৃপক্ষ বরাবর দাখিল করা হয়। ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৮৯-এর ৩৯(খ) ও (চ) উপবিধি মোতাবেক অসদাচরণ ও প্রতারণার দায়ে অভিযুক্ত করে একই বিধিমালা ৪৫(১) উপধারা মতে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার নিকট প্রেরণ করা হয়। তিনি লিখিত জবাব দাখিল করেন এবং জবাবে তিনি ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য আবেদন করেন। তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানী সন্তোষজনক না হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার নিকট তদন্তে অসদাচরণের সত্যতা রয়েছে মর্মে প্রমাণিত হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১৯-এর বিধি ৫০(১)(খ)-এর (ঈ) উপ-ধারা অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০৭ মার্চ ২০২১ তারিখের ৪৬.২০৭.০০০.০৩.০১.৩৮.৯৯.১৯৯৩-২০৭ নং স্মারকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অফিস সহায়ক জনাব মোঃ আরিফ হোসেন-কে চাকুরী হতে বরখাস্ত করা হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১৯-এর বিধি ৫৮(৪) অনুযায়ী ০৩ (তিন) মাসের মধ্যে বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ আরিফ হোসেন স্থানীয় সরকার বিভাগ বরাবর আপিল দায়ের করেন।

জনাব মোঃ আরিফ হোসেন, অফিস সহায়ক (বরখাস্তকৃত), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত আবেদন ও সংযুক্ত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। এছাড়া, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি হিসেবে কর্পোরেশনের সচিব জনাব আকরামুজ্জামান-এর বক্তব্য/শুনানী গ্রহণ করা হয়।

জনাব মোঃ আরিফ হোসেন, অফিস সহায়ক (বরখাস্তকৃত), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত আপিল আবেদন, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগটি তদন্তকারী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে তদন্ত করা হয়েছে এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ আরিফ হোসেন অফিস সহায়ক (বরখাস্তকৃত), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক এ বিভাগে দায়েরকৃত আপিল আবেদনটি খারিজ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
০৫/১২/২০২১  
(হেলালুদ্দীন আহমদ)


সিনিয়র সচিব

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০২.২১-২২০০/১(১০)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮  
০৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়ীয়া, ঢাকা।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭. জনাব মোঃ আরিফ হোসেন, অফিস সহায়ক (বরখাস্তকৃত), দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।  
(বর্তমান ঠিকানা: গ্রাম: বাপেরপাড়, ডাকঘর: বানারী, উপজেলা: টঙ্গীবাড়ী, জেলা: মুন্সীগঞ্জ)।
৮. অফিস কপি।

  
০৫/১২/২০২১  
(মোহাম্মদ শামছুল ইসলাম)  
উপসচিব